



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো

সিআইবি সার্কুলার লেটার নং : ০১

তারিখঃ ০৫ মার্চ, ২০২৫
২০ ফাল্গুন, ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানী

প্রিয় মহোদয়,

সিআইবি অনলাইন সার্ভিস সংক্রান্ত সংশোধিত নীতি নির্দেশনা।

ব্যাংকিং খাতের ঋণ শৃঙ্খলা সুসংহত করার লক্ষ্যে সিআইবি তথ্যভাডারে রক্ষিত ঋণতথ্যের গুণগতমান বজায় রাখা ও হালনাগাদ ঋণতথ্য সংরক্ষণ করা একান্ত আবশ্যিক। এ লক্ষ্যে সিআইবি রিপোর্টে ঋণগ্রহীতার ঋণের মাসিক ভিত্তিক তথ্য সংরক্ষণের মাধ্যমে সিআইবি কার্যক্রমকে গতিশীল ও কার্যকর করার প্রক্রিয়া চলমান রয়েছে (সূত্র: সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখ: ০৪ মে ২০১১ এবং সিআইবি সার্কুলার লেটার নং-০৩/২০২২ তারিখ: ২১ জুলাই ২০২২)। বিদ্যমান নীতিমালায় অন্তর্ভুক্ত নির্দেশনাসমূহ অধিকতর কার্যকরী করার লক্ষ্যে উল্লিখিত সার্কুলার নং ২/২০১১ এর ৩ নং অনুচ্ছেদ সংশোধনপূর্বক নিম্নরূপে প্রতিস্থাপন করা হলোঃ

৩ (১)। যথাসময়ে তথ্য Upload/সংশোধন প্রসঙ্গে :

(ক) প্রতিটি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানীকে তাদের ঋণগ্রহীতাদের সকল ঋণতথ্য মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে সিস্টেমে Upload/Update করতে হবে।

(খ) ঋণ তথ্যাবলী সিস্টেমে Upload করার পর পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন/বিয়োজন/সংযোজনের কাজ সম্পন্ন করে Updated Error Free File সিস্টেমে পুনরায় Upload করতে হবে।

(গ) নির্ধারিত তারিখের মধ্যে সিস্টেমে Error Free ঋণতথ্য হালনাগাদ করে যথাসময়ে দাখিল করতে ব্যর্থ হলে ব্যর্থতার কারণ উল্লেখপূর্বক বিস্তারিত ব্যাখ্যা পত্র মারফত ০৩ (তিন) দিনের মধ্যে অত্র ব্যুরোকে অবহিত করতে হবে। পত্রে উল্লিখিত ব্যাখ্যা ব্যুরোর নিকট সন্তোষজনক বিবেচিত না হলে সংশ্লিষ্ট ব্যাংক/ফাইন্যান্স কোম্পানীর বিরুদ্ধে সর্বোচ্চ ০৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা আরোপযোগ্য হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণযোগ্য হবে।

পরবর্তী পাতা দ্রষ্টব্য

৩ (২)। জরিমানা আদায়/শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণঃ

(ক) নির্ধারিত সময়ের মধ্যে অনুচ্ছেদ ৩(১) (গ) এর আলোকে ব্যুরো কর্তৃক আরোপিত জরিমানার অর্থ বাংলাদেশ ব্যাংক মতিঝিল অফিসে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/ফাইন্যান্স কোম্পানীর হিসাব বিকলন করে আদায় করা হবে।

(খ) অনুচ্ছেদ ৩(১) (গ) এর অনুবৃত্তিক্রমে সিআইবি তথ্যভাভারে হালনাগাদ নির্ভুল তথ্য প্রদানে ব্যর্থতার ব্যাখ্যা ব্যুরোর নিকট সন্তোষজনক বিবেচিত না হওয়ার কারণে সংশ্লিষ্ট ব্যাংক/ফাইন্যান্স কোম্পানীর এতদসংক্রান্ত দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(গ) ইতোপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত নির্দেশনাবলী এতদানুযায়ী সংশোধিত বলে গণ্য হবে।

২। Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972) এর Chapter IV এর Article 48 এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৩। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মুন্সী মোহাম্মদ ওয়াকিদ)

পরিচালক (সিআইবি)

ফোনঃ ৯৫৩০১৩৩